5.5.e

দৈনিক ইনকিলাব

তারিখ 22 AUG 1987
পৃষ্ঠা 4 কলাম 4

00 013

# মুকসুদপুর এসএসসি পরীক্ষা কেন্দ্রের ফলাফলে অনিয়ম

মুকসুদপুর (ফরিদপুর), ২১ জুলাই (সংবাদদাতা)— সদ্য প্রকাশিত এসএসসি পরীক্ষার ফলাফলে দেখা যায় মুকসুদপুর কেন্দ্রের নব্বই শতাংশ মুসলমান ছাত্র-ছাত্রী ফেল করেছে। ফলে এসব ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকরা হতাশ হয়ে পড়েছে।

জানা যায়, এসএসসি পরীক্ষা চলাকালীন সময়ে 'প্রশ্নপত্র ফাঁস হয়েছে' এমনি ধরনের গুজব শোনা যায় এবং জনৈক ছাত্রের নকল ধরাকে কেন্দ্র করে পরীক্ষা কেন্দ্রে এক অপ্রীতিকর ঘটনার সূত্রপাত ঘটে। এতে মুকসুদপুরের উপজেলা নির্বাহী অফিসার জনাব দেলোয়ার হোসেন নাকি কতিপয় বহিরাগতের দ্বারা লাঞ্ছিত হন। ইসলাম ধর্ম পরীক্ষার দিনে নির্বাহী অফিসার খামখেয়ালি করে 'ক' সেট পরিবর্তন করে 'খ' সেট প্রশ্ন দিয়ে ছাত্র/ছাত্রীরা পরীক্ষা দেয়, কিন্তু মজার ব্যাপার হলো ছাত্র-ছাত্রীরা 'খ' সেট প্রশ্ন অনুযায়ী পরীক্ষা দিলেও তাদের খাতা দেখা হয়েছে 'ক' সেট অনুযায়ী যার ফলে সমস্ত মুসলমান ছাত্র-ছাত্রী ইসলাম ধর্মে ফেল করেছে। বেশ কয়েকটি স্কুলে গিয়ে দেখা গেছে, অন্যান্য পেপারে ডিভিশনের মার্কস থাকা সত্ত্বেও ধর্মে ফেল। এ উপজেলার বাটিকামারী স্কুলের এমন কয়েকজন ছাত্র যাদের মার্কস ছ'শর উপরে কিন্তু তারা ধর্মে পেয়েছেন ৭, ৯, ১৩ এমনি করে।